গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

"উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়
দেশ গড়বো সমাজসেবায়"

বিষয়: তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভার কার্যবিবরণী।

সভাপতি: সৈয়দ মোঃ নুরুল বাসির, পরিচালক (প্রশাসন ও অর্থ),
সভার স্থান: "বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা এর সভাকক্ষ।
তারিখ ও সময়: ১৪ ফেব্রুয়ারী, ২০২৩, সকাল: ১১:৩০ ঘটিকা।

উপস্থিতিঃ তালিকা পরিশিষ্ট 'ক'।
সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে আলোচকবৃন্দ আলোচ্যসূচি অনুসারে "তথ্য অধিকার আইন ও বিধিবিধান" বিষয়ে আলোচনা শুরু করেন। আলোচকবৃন্দ কার্যক্রম বাস্তবায়নে পরিকল্পনা ও প্রচার প্রচারণা সংক্রান্ত বিষয়ে করণীয় নিয়ে বিস্তরিত আলোচনা করেন। অতঃপর আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | তথ্য অধিকার আইন, ২০০৯ ও বিধিবিধান | তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে কেরানীগঞ্জ উপজেলার ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত সকল এতিমখানায় অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে আলেচনা হয়। সভায় উপস্থিত ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত এতিমখানাসমূহে ইতোমধ্যে সভার আয়োজন করা হয়েছে। বাকি ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত এতিমখানাসমূহে সভা আয়োজনের জন্য গুরুত্বারোপ করা হয়। | **সিদ্ধান্ত:** তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে কেরানীগঞ্জ উপজেলার ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত সকল এতিমখানায় অবহিতকরণ সভার আয়োজন করতে হবে।<br>**বাস্তবায়নে:**<br>১। উপজেলা সমাজসেবা অফিসার, কেরাণীগঞ্জ। |
| ০২. | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদানকারী নিয়ুক্তকরণ | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদানের জন্য ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত সকল এতিমখানাকে তথ্য প্রদানকারী নিয়োগ করার বিষয়ে আলোচনা হয়। বিস্তারিত আলোচনায় জানা যায় জাজিরা মোহাম্মাদীয়া এতিমখানা এবং ইকুরিয়া মোহাম্মাদীয়া ইসলামিয়া এতিমখানা তথ্য প্রদানকারী নিযুক্ত করেছেন। বাকি গ্র্যান্টপ্রাপ্ত এতিমখানাসমূহে জরুরী | **সিদ্ধান্ত:** তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী তথ্য প্রদানের জন্য ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত সকল এতিমখানাকে তথ্য প্রদানকারী নিয়োগ করতে হবে।<br>**বাস্তবায়নে:**<br>১। উপজেলা সমাজসেবা অফিসার, কেরাণীগঞ্জ। |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | ভিত্তিতে অনুযায়ী তথ্য প্রদানকারী নিযুক্ত করার বিষয়ে আলোচনা হয়। | |
| ০৩. | তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/ হালনাগাদকরণ | তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে উপস্থিত ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত এতিমখানাসমূহে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি করা হয়েছে। সকল ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত এতিমখানায় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স হালনাগাদ করার বিষয়ে আলেচনা হয়। | **সিদ্ধান্ত:**<br>তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি ও হালনাগাদ করতে হবে।<br>**বাস্তাবায়নে:**<br>১। সংশ্লিষ্ট এতিমখানার সভাপতি ও সুপার। |
| ০৪. | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | **সিদ্ধান্ত:**<br>তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করতে হবে।<br>**বাস্তবায়নে:**<br>১। সংশ্লিষ্ট এতিমখানা কর্তৃক নিয়োগকৃত তথ্য প্রদানকারী। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(সৈয়দ মোঃ নুরুল বাসির)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: ৫৫০০৭০২২
ই-মেইল: director-admin@dss.gov.bd


স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.০৬.০১১.২০. ৯৫৭ তারিখ: ২৫ ফেব্রুয়ারী, ২০২৩

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২. পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

৩. অতিরিক্ত পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

৪. উপপরিচালক, (প্রতিষ্ঠান/নিবন্ধন), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

৫. এপিএ সমন্বয়কারী, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

৬. উপজেলা সমাজসেবা অফিসার, কেরাণীগঞ্জ।

৭. জনাব/বেগম.............................................